



Ref. No: স্বপ্নাবি/মিমিসি/২০২৬/২৫৮

Date: ০৪/০২/২০২৬

বিজ্ঞপ্তি

এতদ্বারা অত্র বিশ্ববিদ্যালয়ের ১ম বর্ষের (শিক্ষাবর্ষ : ২০২১-২২) ভর্তিকৃত সকল শিক্ষার্থীদের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, তাদের একাডেমিক ই-মেইল এবং ওয়াইফাই আইডি বিশ্ববিদ্যালয়ের কেন্দ্রীয় কম্পিউটার সেন্টার এর পক্ষ হতে প্রস্তুত করা হয়েছে। শিক্ষার্থীদের ই-মেইল ও ওয়াইফাই আইডি স্বয়ং বিভাগের অফিস হতে সংগ্রহ করার জন্য নির্দেশ প্রদান করা হলো। উল্লেখ্য যে, উক্ত ওয়াইফাই আইডি ব্যবহার করে শিক্ষার্থীরা অত্র বিশ্ববিদ্যালয়সহ বিভিন্ন বিশ্ববিদ্যালয়ের Eduroam Service ব্যবহার করতে পারবে। এক্ষেত্রে নিম্নলিখিত শর্ত ও নিয়মাবলী মেনে চলার জন্য বলা হলো।


ই-মেইল ব্যবহারের শর্তসমূহঃ

- ই-মেইল আইডি ও পাসওয়ার্ড অত্যন্ত গোপনীয় ও হস্তান্তরযোগ্য নয়।
- উক্ত পাসওয়ার্ড ব্যবহার করে প্রথমবার লগইন করে শক্তিশালী পাসওয়ার্ড সেট করে নিতে হবে।
- উক্ত ই-মেইল শুধুমাত্র একাডেমিক কাজে ব্যবহার করা যাবে। ব্যক্তিগত বা বানিজ্যিক প্রচারনার জন্য ব্যবহার করা যাবে না।
- একজন শিক্ষার্থী সর্বোচ্চ ১৫ জিবি ড্রাইভ স্টোরেজ ব্যবহার করতে পারবে।
- শিক্ষার্থীদের স্নাতক পাসের পর সর্বোচ্চ তিন মাস পর্যন্ত উক্ত ই-মেইল আইডি সচল থাকবে। পরবর্তীতে উক্ত আইডি ডাটাসহ স্বয়ংক্রিয়ভাবে বন্ধ হয়ে যাবে।

ওয়াইফাই ব্যবহারের শর্তসমূহঃ

- ওয়াইফাই আইডি ও পাসওয়ার্ড অত্যন্ত গোপনীয় ও হস্তান্তরযোগ্য নয়।
- ওয়াইফাই আইডি ও পাসওয়ার্ড পরিবর্তনযোগ্য নয়। সুতরাং ক্লিয়ারেন্স না নেয়া পর্যন্ত এটি গোপনীয়তার সাথে সংরক্ষণ করতে হবে।
- ওয়াইফাই ইন্টারনেট শুধুমাত্র একাডেমিক ও শিক্ষামূলক কাজে ব্যবহার করা যাবে।
- কোন প্রকার P2P, VPN, Proxy ইত্যাদি ব্যবহার করা যাবে না।
- একজন শিক্ষার্থী সর্বোচ্চ দুইটি ডিভাইসে ওয়াইফাই সংযোগ ব্যবহার করতে পারবে।
- শিক্ষার্থীদের ক্লিয়ারেন্স নেওয়ার পরে স্বয়ংক্রিয়ভাবে ওয়াইফাই আইডি বন্ধ হয়ে যাবে।

ই-মেইল এবং ওয়াইফাই আইডি ও পাসওয়ার্ড পরিবর্তন অথবা সংযোগ স্থাপনের সমস্যার সমাধানের জন্য ictsupport@kuet.ac.bd-এ ই-মেইলে আইডি কার্ডের স্ক্যানকপিসহ রোল ও নাম উল্লেখপূর্বক যোগাযোগ করতে হবে।


04.01.2023

(প্রফেসর ড. মোঃ আরাফাত হোসেন)

চেয়ারম্যান

কেন্দ্রীয় কম্পিউটার সেন্টার

খুলনা প্রকৌশল ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়

খুলনা-৯২০৩।

অনুলিপি অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হলো (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়)ঃ

- ১) রেজিস্ট্রার, অত্র বিশ্ববিদ্যালয়।
- ২) সকল ডীন, অত্র বিশ্ববিদ্যালয়।
- ৩) সকল বিভাগীয় প্রধান, অত্র বিশ্ববিদ্যালয় (শিক্ষার্থীদের নোটিশ বোর্ডে প্রকাশের অনুরোধসহ)।
- ৪) পরীক্ষা নিয়ন্ত্রক, অত্র বিশ্ববিদ্যালয়।
- ৫) লাইব্রেরীয়ান, অত্র বিশ্ববিদ্যালয়।
- ৬) সংরক্ষণ নথি।